**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**সংখ্যা : ৭/২০১৭**

**ঢাকা, সোমবার ৯ জানুয়ারি ২০১৭, ২৬ পৌষ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জেনে বুঝে পুঁজিবাজারে বিনিয়োগ করুন : বিএসইসি ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। আগামী ১২ জানুয়ারি জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী

৩। রাষ্ট্রপতির সঙ্গে বৈঠকে ৯ দফা প্রস্তাব গণফোরামের

৪। পরিচালনা পর্ষদের পরিবর্তন ইসলামী ব্যাংকে প্রভাব ফেলবে না : অর্থমন্ত্রী

৫। বিশ্ব ইজতেমার নিরাপত্তায় প্রস্তুত আইনশৃংখলা বাহিনী : টঙ্গীতে পর্যালোচনা সভায় স্বরাষ্ট্রমন্ত্রী

৬। চিকিৎসা শিক্ষার মান নিয়ে আপস নয় : স্বাস্থ্যমন্ত্রী

৭। ২০১৮ সালের ডিসেম্বরে শেষ হবে পদ্মা সেতুর কাজ : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৮। এ বছর ৮ লাখ কর্মী বিদেশে যাবে : প্রবাসীকল্যাণ মন্ত্রী

৯। র‌্যাংকসটেলে মিলবে এক জিবিপিএস গতির ইন্টারনেট

১০। বিচারাঙ্গনের বাইরের কাউকে নিম্ন আদালতের অনুষ্ঠানে আমন্ত্রণ নয় : সুপ্রিম কোর্ট

১১। বিচার বিভাগের গঠনমূলক সমালোচনা করুন : প্রধান বিচারপতি

১২। সারাদেশে উন্নয়ন মেলা শুরু আজ

১৩। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বাণিজ্য ঠেকাতে দুদকের অনুসন্ধান
: তথ্য চেয়ে রাজধানীর ১৫ শিক্ষা প্রতিষ্ঠানকে চিঠি

চলমান পাতা-২

**১। জেনে বুঝে পুঁজিবাজারে বিনিয়োগ করুন : বিএসইসি ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বর্তমান সরকার পুঁজিবাজারের উন্নয়নে সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রাখবে। পুঁজিবাজার হবে উন্নত বাংলাদেশ বিনির্মাণের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি অর্থায়নের এক নির্ভরযোগ্য উৎস। তিনি গতকাল ৮ জানুয়ারি রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এর উদ্বোধন করে এ কথা বলেন। জনগণের সঞ্চয় অভ্যাস গড়ে তোলা, সঞ্চিত অর্থের সঠিক বিনিয়োগের সিদ্ধান্ত নিতে পারার সক্ষমতা অর্জনে বিনিয়োগ শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ আখ্যায়িত করে প্রধানমন্ত্রী বিনিয়োগকারীদের উদ্দেশে বলেন, যেখানে বিনিয়োগ করবেন, ভালোভাবে খোঁজ-খোবর নিন। প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা ও আর্থিক বিবরণী জেনে নিন। প্রধানমন্ত্রী এর আগে রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) নবনির্মিত ভবন উদ্বোধন করেন। এছাড়া ক্ষুদ্র বিনিয়োগকারীদের সুবিধার্থে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ প্রণয়ন, স্টক এক্সচেঞ্জগুলোর ইন্টারনেটভিত্তিক লেনদেন চালু এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ার তথ্যও তুলে ধরেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**জনকণ্ঠ, ভোরের কাগজ, সংবাদ, এশিয়ান এজ, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। আগামী ১২ জানুয়ারি জাতির উদ্দেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী **১২** জানুয়ারি বৃহস্পতিবার সরকারের তিন বছর পূর্তিতে জাতির উদ্দেশে ভাষণ দেবেন। ওই দিন সন্ধ্যায় বাংলাদেশ বেতার ও টেলিভিশন একযোগে এ ভাষণ প্রচার করবে। এতে গত তিন বছরে সরকারের কর্মকাণ্ডের সংক্ষিপ্ত চিত্র ওঠে আসবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের একটি সূত্র এ তথ্য জানিয়েছে। **সূত্র-যুগান্তর** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (শেষ পৃ.১৯,ক.৮)।

**৩। রাষ্ট্রপতির সঙ্গে বৈঠকে ৯ দফা প্রস্তাব গণফোরামের**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বৈঠকে নির্বাচন কমিশন আইনসহ ৯ দফা প্রস্তাব দিয়েছে গণফোরাম। অন্যদিকে নির্বাচন কমিশন গঠনে একটি সাংবিধানিক কাউন্সিল গঠনসহ পৃথক ৮ দফা প্রস্তাব দিয়েছে গণতন্ত্রী পার্টি। গতকাল ৮ জানুয়ারি রোববার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে পৃথক বৈঠকে এসব প্রস্তাব তুলে ধরেন দল দুটি। ১৪ সদস্যের প্রতিনিধিদল নিয়ে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে বৈঠক শেষে গণফোরাম সভাপতি ড. কামাল হোসেন বলেন, নির্বাচনকালীন সরকার ও প্রশাসন নিরপেক্ষ ভূমিকায় থাকতে হবে। ২০০৮ সালের মতো জনগণের ভোটাধিকার প্রতিষ্ঠা করতে হবে। আমরা যেন জনগণের সরকার প্রতিষ্ঠা করতে পারি। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৩)।

**৪। পরিচালনা পর্ষদের পরিবর্তন ইসলামী ব্যাংকে প্রভাব ফেলবে না : অর্থমন্ত্রী**

পরিচালনা পর্ষদে বড় পরিবর্তন ইসলামী ব্যাংকের কর্মকান্ডে কোনো প্রভাব পড়বে না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ৮ জানুয়ারি রোববার সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (এমসিসিআই) প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে তিনি এ কথা বলেন। এ সময় তিনি জানান, ইসলামী ব্যাংক ভালো মুনাফা করছে। সেবার মানও ভালো। এ সময় অর্থমন্ত্রী জানান, ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদে বড় পরিবর্তন আসার পেছনে বিদেশি অংশীদারদের আগ্রহই মূল কারণ বলে তিনি মনে করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** ( পৃ.১১,ক.৬)।

**৫। বিশ্ব ইজতেমার নিরাপত্তায় প্রস্তুত আইনশৃংখলা বাহিনী : টঙ্গীতে পর্যালোচনা সভায় স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী মো. আসাদুজ্জামান খান কামাল বলেছেন, আসন্ন ৫২তম বিশ্ব ইজতেমা সুশৃঙ্খলভাবে সমাপ্ত করার জন্য আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য, পুলিশ, র‌্যাব, বিভিন্ন গোয়েন্দা সংস্থা, আনসার-ভিডিপি, ফায়ার সার্ভিসসহ সবাইকে প্রস্তুত রাখা হয়েছে। তিনি আরও বলেন, বিদেশী মেহমানসহ দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে আসা মুসল্লিদের নিরাপত্তায় আইনশৃংখলা বাহিনী প্রস্তুত রয়েছে। গতকাল ৮ জানুয়ারি রোববার গাজীপুর সিটি কর্পোরেশনের জোন-১ এর টঙ্গী কার্যালয় প্রাঙ্গণে বিশ্ব ইজতেমার প্রস্তুতি পর্যালোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৭)।

**৬। চিকিৎসা শিক্ষার মান নিয়ে আপস নয় : স্বাস্থ্যমন্ত্রী**

যেসব বেসরকারি মেডিকেল কলেজ সরকারি নীতিমালার শর্ত পূরণ করতে পারেনি তাদের দ্রুততম সময়ের মধ্যে শর্ত পূরণ করার আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেছেন, চিকিৎসা শিক্ষার মান নিয়ে সরকার কোনো আপস করবে না। যে কলেজে মানসম্মত শিক্ষক নেই, লাইব্রেরি ও ল্যাবরেটরিসহ প্রয়োজনীয়

অবকাঠামো নেই, শিক্ষার্থীর সংখ্যার অনুপাতে হাসপাতালের শয্যা নেই, সেই কলেজ চালানোর কোনো দরকার নেই। সরকার এ বছর চারটি কলেজের ভর্তি কার্যক্রম স্থগিত করেছে। যে সব কলেজ দ্রুত নীতমালার শর্ত পূরণ করতে পারবে না আগামী শিক্ষাবর্ষে তাদের ভর্তি কার্যক্রম বন্ধ করে দেওয়া হবে। গতকাল ৮ জানুয়ারি রোববার ঢাকা মেডিকেল কলেজের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের কে-৭৪ ব্যাচের নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন । সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫)।

**৭। ২০১৮ সালের ডিসেম্বরে শেষ হবে পদ্মা সেতুর কাজ : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের নির্ধারিত সময়ের আগেই সেতুর ৪ লেন সংযোগ সড়কের শিবচর-কাঠালবাড়ি অংশ সংযোগ সড়কের উদ্বোধন করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ৮ জানুয়ারি রোববার শিবচরের পাচ্চর এলাকায় আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় সড়কটি। এর ফরে কাওড়াকান্দি ঘাট কাঠালবাড়িতে স্থানান্তরের বিষয়টি আরও ত্বরান্বিত হলো। এতে শিমুলিয়ার সঙ্গে নৌ-রুটের দূরত্ব কমবে। দূরত্ব ও দুর্ভোগ কমে যাবে দক্ষিণাঞ্চলের যাত্রীদের। এ সময় মন্ত্রী বলেন, মূল পদ্মা সেতুর সামগ্রিক উন্নয়ন কাজ ৪০ শতাংশ শেষ হয়েছে। আগামী ২০১৮ সালের ডিসেম্বরে সেতুর কাজ শেষ হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** ( পৃ.১,ক.১)।

**৮। এ বছর ৮ লাখ কর্মী বিদেশে যাবে : প্রবাসীকল্যাণ মন্ত্রী**

চলতি বছরে আট লাখ কর্মী বিদেশে পাঠানোর লক্ষ্য স্থির করেছে প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়। গতকাল ৮ জানুয়ারি রোববার রাজধানীর প্রবাসীকল্যাণ ভবনে এক সংবাদ সম্মেলনে প্রবাসীকল্যাণ মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি এ কথা জানান। তিনি বলেন, ২০১৬ সালে বিভিন্ন দেশে সাত লাখ ৫৭ হাজার ৭৩১ বাংলাদেশি কর্মীর কর্মসংস্থান হয়েছে। এ ধারা অব্যাহত থাকলে ২০১৭ সালে আট লাখের বেশি কর্মী পাঠানো সম্ভব হবে। ২০১৬ সালে মন্ত্রণালয়ের সাফল্য তুলে ধরতে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.২)।

**৯। র‌্যাংকসটেলে মিলবে এক জিবিপিএস গতির ইন্টারনেট**

দেশের সর্বোচ্চ গতির ইন্টারনেট সেবা নিতে শুরু হলো র‌্যাংকসটেলের নতুন যাত্রা। এখন থেকে গ্রাহকরা ভয়েস কলের পাশাপাশি এক জিবিপিএস গতির ইন্টারনেট ব্যবহারের সুযোগ পাবেন বলে জানিয়েছেন কর্তৃপক্ষ। রাজধানীর একটি হোটেলে গতকাল ৮ জানুয়ারি রোববার ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম নতুন এ সেবার উদ্বোধন করেন। এ সময় তিনি দ্রুতগতির এ ইন্টারনেট সেবা সীমাবদ্ধ না রেখে সাধারণ মানুষের দোরগোড়ায়
পৌঁছে দেওয়ার আহ্বান জানিয়ে বলেন, গ্রাহক যেন সর্বোচ্চ সন্তুষ্টি নিয়ে সেবা গ্রহণ করতে পারে সেটা নিশ্চিত করাই সাফল্য। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১০। বিচারাঙ্গনের বাইরের কাউকে নিম্ন আদালতের অনুষ্ঠানে আমন্ত্রণ নয় : সুপ্রিম কোর্ট**

বিচারাঙ্গনের বাইরের কাউকে নিম্ন আদালতের কোনো অনুষ্ঠানে আমন্ত্রণ না জানানোর জন্য বিচারকদের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। একই সঙ্গে আদালতের কর্মঘন্টাকালীন কোনো অনুষ্ঠান না করারও নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল ৮ জানুয়ারি রোববার এ সংক্রান্ত এক সার্কুলার জারি করেছে দেশের সর্বোচ্চ আদালত। এই
সার্কুলারে বলা হয়েছে, অধস্তন আদালত কর্তৃক আয়োজিত বা অধস্তন আদালত সংশ্লিষ্ট যে কোনো অনুষ্ঠানে অনুষ্ঠান সংশ্লিষ্ট নয় এমন রাজনৈতিক বা ব্যবসায়িক ব্যক্তিবর্গসহ নানা শ্রেণি পেশার মানুষকে আমন্ত্রণ জানানো আদৌ কাম্য নয়। এ ধরণের আমন্ত্রণ জানানো বিচারকগণের জন্য অনুসরণীয় নীতিমালা ও শৃঙ্খলার পরিপন্থি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

**১১। বিচার বিভাগের গঠনমূলক সমালোচনা করুন : প্রধান বিচারপতি**

বিচার বিভাগের গঠনমূলক সমালোচনা করার আহবান জানিয়েছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। তিনি বলেন, আমি চাই বিচার বিভাগের গঠনমূলক সমালোচনা হোক। যাতে আমরা আমাদের নিজেদের ভুল ভ্রান্তিগুলো দেখতে পারি। কিন্তু আমরা দেখছি বিচার বিভাগের গঠনমূলক সমালোচনা নেই। না জেনে না বুঝে অনেকেই অনেক ধরণের মন্তব্য করেন। গতকাল ৮ জানুয়ারি রোববার সুপ্রিম কোর্টে আইনজীবী সমিতি আয়োজিত বইমেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান বিচারপতি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৭)।

**১২। সারাদেশে উন্নয়ন মেলা শুরু আজ**

আজ ৯ জানুয়ারি সোমবার দেশব্যাপী শুরু হচ্ছে উন্নয়ন মেলা-২০১৭। প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে দেশের সব জেলা-উপজেলায় তিন দিনব্যাপী এ মেলা অনুষ্ঠিত হবে। মেলায় উন্নয়ন কর্মকান্ডের পাশাপাশি সরকারের ভবিষ্যৎ কর্মপরিকল্পনাও জনগণের সামনে তুলে ধরা হবে। একই সঙ্গে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে জনগণকে উদ্বুদ্ধ করা হবে। জেলা পর্যায়ে জেলা প্রশাসক ও উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মেলার তত্ত্বাবধানে থাকবেন।

মেলা উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.১৯,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৮)।

**১৩। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বাণিজ্য ঠেকাতে দুদকের অনুসন্ধান : তথ্য চেয়ে রাজধানীর ১৫ শিক্ষা প্রতিষ্ঠানকে চিঠি**

ঢাকা মহানগরের নামিদামি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বাণিজ্য ঠেকাতে এবার মাঠে নেমেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এ লক্ষ্যে গতকাল ৮ জানুয়ারি রোববার ভর্তি নীতিমালাসহ অন্যান্য তথ্য চেয়ে ১৫ শিক্ষা প্রতিষ্ঠানে চিঠি পাঠানো হয়েছে। আগামী ১২ জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে এইসব তথ্য সরবরাহ করতে হবে। সূত্র জানায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কাছে ভর্তির নীতিমালা, ভর্তি পদ্ধতি, চলতি শিক্ষাবর্ষে ছাত্রছাত্রীর আসন সংখ্যা জানতে চেয়েছে দুদক। ১২ জানুয়ারির মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এইসব তথ্য লিখিতভাবে সরবরাহ করতে হবে। এই দিন দুদক টিমের সদস্যরা ওই ১৫টি শিক্ষা প্রতিষ্ঠানে হাজির হয়ে তথ্যগুলো সংগ্রহ করবেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.৯,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** দেশের বিভিন্ন কারাগারে বিনা বিচারে আটক বন্দিদের মামলাগুলোর দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** রাজধানীর উত্তরার ধর্মভিত্তিক ইংরেজি মাধ্যম স্কুল লাইফ স্কুলের বিরুদ্ধে জঙ্গি কানেকশনের অভিযোগ থাকায় দ্রুত লাইফ স্কুল বন্ধ করে দেশে স্কুল পর্যায়ে জঙ্গি কানেকশন অঙ্কুরেই বিনাশ করার আহ্বান ।

গ. **জনকণ্ঠ, নিউজ টুডে :** ভুলেভরা পাঠ্যবই সংশোধন করে নতুনভাবে ছাপিয়ে শিক্ষার্থীদের মাঝে পুনরায় বিতরণের ব্যবস্থা করাসহ এ ঘটনায় দায়ী সব ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রত্যাশা ।

ঘ. **প্রথম আলো :** সিপিডির অনুসন্ধানে গরিবের জন্য দেওয়া ১০ টাকা কেজি দরে প্রতিমাসে ৩০ কেজি চাল নিয়ে যেসব অভিযোগ উঠে এসেছে তার প্রতিকারে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সমকাল :** পেট্রোবাংলার আওতাধীন চারটি গ্যাস কোম্পানির কাছে এনবিআরের পুঞ্জীভূত পাওনা ৩১ হাজার কোটি টাকাকে ঘিরে পেট্রোবাংলা ও এনবিআরের মধ্যে বিদ্যমান মতপার্থক্য দেশবাসীর কাছে বিরূপ মনোভাব প্রকাশ করেছে বলে অভিমত।

চ. **যুগান্তর, ইনকিলাব :** ব্যাংকিং খাতে সুশাসন প্রতিষ্ঠা ও সার্বিক অর্থনীতির স্বার্থে সিপিডির সুপারিশগুলো সরকার পর্যালোচনা সাপেক্ষে বাস্তবায়ন করবে বলে প্রত্যাশা।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বরেন্দ্র অঞ্চলে অল্প পানি শোষণকারী শস্য উৎপাদন বাড়াতে কৃষকদের পর্যাপ্ত প্রশিক্ষণ, এ বিষয়ে শিক্ষাদান এবং তাদের প্রভাবিত করার মাধ্যমে কৃষকদের আগ্রহী করার উদ্যোগ জোরদার করার ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান :** রাজধানীর পার্ক, উন্মুক্তস্থান এবং অন্যান্য বিনোদনের স্থানগুলোতে বিনিয়োগ বাড়িয়ে রাজধানী বাসীর বিনোদনের সুযোগ বাড়ানোর প্রত্যাশা।

ঝ. **ডেইলি স্টার :** বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে উপস্থিত আনসারদের দ্রুত পদক্ষেপ বড় ধরণের অগ্নিকাণ্ডের দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়ার বিষয় তুলে ধরে সব প্রতিষ্ঠানেই অগ্নিনির্বাপনের যন্ত্রপাতি ও প্রশিক্ষণের ব্যবস্থা অব্যাহত রাখার আহ্বান।

ঞ. **নিউ নেশন :** মিটফোর্ড হাসপাতালে ডাক্তার সংকটসহ নানাবিধ অব্যবস্থাপনা তুলে ধরে এসব সমস্যার সমাধানে কর্তৃপক্ষকে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় উল্লেখ করা হয়েছে।

**উপ-সম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে প্রাইমারি স্কুলের পাঠ্যপুস্তকের বিভিন্ন অসঙ্গতি সংশোধন করে শিশু শিক্ষার্থীদের কাছে তাদের বইকে বিতর্কমুক্ত, শুদ্ধ, আকর্ষণীয় এবং উপভোগ্য করে তোলার বিষয়ে আলোকপাত করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে **'শিশু নির্যাতন বন্ধ হোক'** শিরোনামের নিবন্ধে শরদিন্দু ভট্টাচার্য্য টুটুল সকল ধরনের অন্যায় প্রতিরোধে দায়িত্বরত কর্তাব্যক্তিসহ সমাজের সকল স্তরের শুভবুদ্ধি সম্পন্ন ব্যক্তিদের নিঃশর্তভাবে এগিয়ে আসতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা